



MINISTRY OF
MANPOWER

CONNECT

with ACE

প্রবাসী শ্রমিকদের জন্য একটি
মাসিক ই-নিউজলেটার



জানুয়ারি
২০২৩




এই সংখ্যায়:

মূল ঘোষণা সমূহ

আসন্ন পোঙ্গল এবং চীনা
নববর্ষ (CNY) উদযাপন

১৮ই ডিসেম্বর ২০২২-এ
আন্তর্জাতিক অভিবাসী দিবস
(IMD) উদযাপন

মূল ঘোষণা সমূহ



অভিবাসী শ্রমিকদের (MW) অধিকার এবং দায়িত্ব সমূহ

আপনি কি একজন MW হিসাবে আপনার অধিকার এবং দায়িত্ব সম্পর্কে সচেতন?

আপনি কি জানেন আপনার নিয়োগকর্তা কি করতে পারেন অথবা করতে পারেন না?

আপনি যদি আরও জানতে চান, অনুগ্রহ করে নিম্নের লিঙ্কগুলি দেখুন



সিঙ্গাপুরে (SG) আগমনের পূর্বে	https://go.gov.sg/rightsandresponsibilities-beforearrivinginsg
সিঙ্গাপুরে বসবাস এবং কাজ করা	https://go.gov.sg/rightsandresponsibilities-wheninsg
বাড়িতে ফেরত যাওয়ার পূর্বে	https://go.gov.sg/rightsandresponsibilities-beforereturninghome
সংক্ষিপ্ত পোস্টার	https://go.gov.sg/mwrr-summary

আপনি যদি আমাদের অধিকার এবং দায়িত্ব সম্পর্কিত পোস্টারগুলি দেখে থাকেন, তবে কেন আপনার জ্ঞান পরীক্ষা করবেন না?

আমাদের টিক টক ভিডিওগুলি দেখুন যেখানে আমরা বিভিন্ন MW-দের তাদের অধিকার এবং দায়িত্বগুলির উপর পরীক্ষা করে থাকি এবং দেখুন কতগুলি প্রশ্নের উত্তর আপনি সঠিকভাবে দিতে পারেন!



টিক টক ভিডিও অংশ ১	https://go.gov.sg/rightsandresponsibilities-part1
টিক টক ভিডিও অংশ ২	https://go.gov.sg/rightsandresponsibilities-part2
টিক টক ভিডিও অংশ ৩	https://go.gov.sg/rightsandresponsibilities-part3

পোঙ্গল উৎসব

সকল তামিল MW-দের
শুভ পোঙ্গল উৎসব-এর শুভেচ্ছা জানাচ্ছি!

পোঙ্গল কি?

পোঙ্গল ঐতিহ্যগতভাবে একটি ফসল কাটার উৎসব যা প্রচুর ফসলের জন্য ধন্যবাদ জানানোর উদ্দেশ্যে পালন করা হয়।

পোঙ্গল সম্পর্কে আরও জানতে আগ্রহী?

১৫ই জানুয়ারি (রবিবার) তেরুমান আরসি-তে যান, সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত আমাদের অংশীদারদের দ্বারা প্রস্তুতকৃত বিভিন্ন কার্যকলাপ উপভোগ এবং আমাদের সাথে পোঙ্গল উদযাপন করতে!

২২শে জানুয়ারি CNY হওয়ায়, আমরা সকল চীনা
MW-দের জানাতে চাই

শুভ

চীনা নববর্ষ!

আপনাদের জন্য যে সব কার্যকলাপ আমাদের সংগ্রহে
আছে তার জন্য নজর রাখুন!



আন্তর্জাতিক অভিবাসী দিবস (IMD) ২০২২

১৮ই ডিসেম্বর IMD-র প্রধান অনুষ্ঠান

১০ই ডিসেম্বর IMD-র উদ্বোধনী অনুষ্ঠানের সাফল্যের পরে, আমরা ১৮ই ডিসেম্বর লিটল ইন্ডিয়াতে আমাদের IMD-র প্রধান অনুষ্ঠানে প্রচুর ভীড় দেখেছি।

গেম বুথ থেকে সাংস্কৃতিক পারফরম্যান্স পর্যন্ত, আমাদের MWs বন্ধুদের বিভিন্ন অনুষ্ঠান এবং কার্যকলাপের মাধ্যমে সমাদর করা হয়েছিল যা দর্শকদের বিমোহিত করেছিল।

আমরা আশা করি যে IMD ২০২২ আমাদের MWs বন্ধুদের একটি স্মরণীয় দিন ছিল এবং আমরা ২০২৩ সালে আমাদের পরবর্তী IMD অনুষ্ঠানে আপনাদের দেখার জন্য উন্মুখ!



পারফরম্যান্স এবং অনুষ্ঠানের বুথ সমূহ

আমাদের অংশীদাররা আমাদের MW বন্ধুদের জন্য একের পর এক বিভিন্ন আকর্ষণীয় কার্যকলাপ এবং পারফরম্যান্সের আয়োজন করে রেখেছিলেন।

পারফরম্যান্সের পাশাপাশি, এমন অনেক বুথ ছিল যেখানে আমাদের MW-দের সাথে সহায়তা মূলক তথ্য যেমন প্রতারণা প্রতিরোধ এবং প্রাথমিক চিকিৎসার দক্ষতা শেয়ার করা হয়েছিল।



গেমস

গেম বুথ সমূহ যেমন আর্কেড মেশিন এবং এয়ার হকিও ছিল অন্যান্য অনেক কার্যকলাপের মধ্যে একটি যা আমাদের MW বন্ধুদের উপভোগ করার জন্য IMD চলাকালীন সময়ে আমাদের অংশীদাররা প্রদান করেছিলেন।



আপনি অংশ নিতে পারেন
এমন বিভিন্ন বাস্তব এবং
অনলাইন কার্যকলাপ সম্পর্কে
আরও জানতে এখানে QR
কোড স্ক্যান করুন



সর্বশেষ খবর এবং আপডেট পেতে আমাদের নিজস্ব
চ্যানেলগুলিতে আমাদের অনুসরণ করুন।



ACE গ্রুপের ফেসবুক পৃষ্ঠা



ACE গ্রুপের TikTok চ্যানেল



MOM-এর ইউটিউব চ্যানেল

